

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 30-01-2026

Time : 7-50 PM

DEO : KB

Desk in Charge: Susmita M.
Compiling : DSS
NRT : NBR

Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ নির্বাচন কমিশন, রাজ্যে SIR প্রক্রিয়ায় সময়সীমা মেনে কাজ শেষ করার জন্য জেলাগুলিকে কড়া নির্দেশ দিয়েছে। # কলকাতা হাইকোর্ট, SIR প্রক্রিয়ায় মাইক্রো অবজারভার হিসেবে LIC কর্মীদের নিয়োগের ব্যাপারে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চেয়েছে।
- ২/ ২০২১-এর ভোট পরবর্তী হিংসা মামলা, বিশেষ বেঞ্চ থেকে কিভাবে ডিভিশন বেঞ্চে গেলো, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ তা' নিয়ে আজ প্রশ্ন তুলেছে।
- ৩/ দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ২৭। #প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী, নাজিরাবাদের ওই ঘটনায় গভীর শোক প্রকাশ করে আর্থিক সহায়তা দানের কথা ঘোষণা করেছেন। #রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য বারবার অগ্নিকাণ্ডের কড়া সমালোচনা করেছেন।
- ৪/ বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ পশ্চিমবঙ্গে আসছেন। # আগামীকাল ব্যারাকপুর ও শিলিগুড়িতে তাঁর বেশ কিছু কর্মসূচী রয়েছে।
- ৫/ জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়াণ বার্ষিকী, আজ সারা দেশের সঙ্গে এরাজ্যও শহীদ দিবস হিসেবে পালন করা হচ্ছে।
- ৬/ বাংলা গ্রুপ শীর্ষে থেকে জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে উঠেছে।

নির্বাচন কমিশন, রাজ্যে SIR প্রক্রিয়ায় সময়সীমা মেনে কাজ শেষ করার জন্য জেলাগুলিকে কড়া নির্দেশ দিয়েছে। রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিকদের উদ্দেশে পাঠানো এক নির্দেশিকায় নির্দেশিকায় জানিয়েছে, নির্দিষ্ট সময়ে নোটিস জারি, শুনানি এবং নথি আপলোডের কাজ সম্পূর্ণ করতে হবে। এখনও যেসব প্রাপকদের কাছে নোটিশ পাঠানো হয়নি, সেগুলি পয়লা ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে অবশ্যই তাদের হাতে পৌঁছে দিতে হবে। এর প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ব্লক লেভেল অফিসারদের মাধ্যমে সিস্টেমে আপলোড করার'ও নির্দেশ দেওয়া হয়েছে।

কমিশন সুত্রে আরও জানা গেছে, আগামী সাত দিনের মধ্যে সমস্ত শুনানি সহ নথি আপলোডের কাজ শেষ করতে হবে। ইতমধ্যেই যেসব শুনানি সম্পন্ন হয়েছে, সেগুলির ক্ষেত্রে উপস্থিতির তথ্য এবং সংগৃহীত নথি দোসরা ফেব্রুয়ারির মধ্যে সিস্টেমে আপলোড করার কথা বলা হয়েছে।

কলকাতা হাইকোর্ট, এস আই আর প্রক্রিয়ায় মাইক্রো অবজারভার হিসেবে LIC কর্মীদের নিয়োগের ব্যাপারে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চেয়েছে। বিচারপতি কৃষ্ণ রাও, দুসঙ্গাহের মধ্যে নির্বাচন কমিশন ও LIC কর্তৃপক্ষকে তাদের বক্তব্য জানাতে হবে বলে নির্দেশ দিয়েছেন। ২৩ ফেব্রুয়ারি মামলার পরবর্তী শুনানি।

SIR আবহে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দলের বুথ লেভেল এজেন্টদের সঙ্গে আজ বৈঠকে বসেন। সন্ধ্যা ৬টা নাগাদ কালীঘাটে তার বাসভবনে ওই বৈঠকে উপস্থিত ছিলেন, ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বি এল এ এবং ৮টি ওয়ার্ডের কাউন্সিলাররা। বৈঠকে দলীয়ভাবে কিছু জানানো না হলেও, তাঁর বিধানসভা কেন্দ্রে শুনানিতে ডাক পাওয়া ভোটারদের সমস্যা এবং SIR নিয়ে সেখানে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

নির্বাচনী বুথের নিরাপত্তার দাবিতে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের দায়ের করা জনস্বার্থ মামলায় এক সপ্তাহের মধ্যে নির্বাচন কমিশনকে তাদের বক্তব্য জানানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে বলেছেন, নির্বাচন কমিশন এই ব্যাপারে রাজ্যকে পদক্ষেপ করতে নির্দেশ দিতে পারে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য গত ১৩-ই জানুয়ারি রাজ্যের প্রায় ৮৩ হাজার বুথের নিরাপত্তা সুনিশ্চিত করার আর্জি নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন। তিনি, এই ব্যাপারে কেন্দ্রের হস্তক্ষেপও দাবি করেন।

২০২১-এর ভোট পরবর্তী হিংসা মামলা, পাঁচ বিচারপতির বিশেষ বেঞ্চে থেকে কিভাবে ডিভিশন বেঞ্চে গেলো, তা' নিয়ে আজ প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চে।

এ ধরণের ১৪ টি মামলা আজ প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে ওঠে। তার মধ্যে হিংসায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তার জন্য আবেদনের মামলাও ছিল।

মামলাকারি, আইনজীবী প্রিয়াঙ্কা টিরিয়াল শুনানির আবেদন জানালে প্রধান বিচারপতি, নতুন নির্দেশ ছাড়া কিভাবে মামলা ডিভিশন বেঞ্চে যায়, সে প্রশ্ন তোলেন।

আইনজীবীরা এ'ব্যাপারে স্পষ্ট জবাব দিতে না পারায় ডিভিশন বেঞ্চে কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলকে মামলার ফাইল প্রধান বিচারপতির বিবেচনার জন্য পাঠানোর নির্দেশ দিয়েছেন। একইসঙ্গে সবপক্ষের আইনজীবীদের এই মামলায় দেওয়া যাবতীয় রায়, পরের শুনানিতে জানানোর নির্দেশ দেন। এক সপ্তাহ পরে মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, ২০২১ সালের বিধানসভা ভোট পরবর্তী হিংসার মামলায় তৎকালীন প্রধান বিচারপতি রাজেশ বিন্দাল, পাঁচ বিচারপতির বৃহত্তর বেঞ্চে গঠন করেন। সেই মামলায়

সিবিআই তদন্ত, ক্ষতিপূরণ সহ একগুচ্ছ নির্দেশ দেওয়া হয়। কিন্তু ২০২৩ সালে সেই মামলার শুনানি শুরু হয় তৎকালীন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চে।

দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ২৭।
পোড়া গুদাম থেকে আজ আরো দুটি দেহাংশ উদ্ধার করা হয়েছে। ঘটনাস্থলে ১৬৩
ধারা জারি রয়েছে। ২৭ জনের নামে নিখোঁজ ডায়েরী রয়েছে বলে পুলিশ সূত্রে জানা
গেছে।

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী, নাজিরাবাদের ওই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।
এক্স হ্যান্ডেলে আজ এক বার্তায় তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা ও
আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। এছাড়া, প্রধানমন্ত্রী জাতীয় তহবিল থেকে
নিহতদের পরিবার পিছু এককালীন ২লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক
সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেন শ্রী মোদী।

এদিকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, এই ক্ষতিপূরণ প্রদানের জন্য
প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায়
শ্রী মজুমদার বলেন, এই সহায়তা শোকের এই সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে
মানসিক এবং সামাজিক শক্তি প্রদান করবে।

অন্যদিকে, রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যে বারবার অগ্নিকাণ্ডের কড়া সমালোচনা
করেছেন। নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থল পরিদর্শন করে তিনি আজ
বলেন, অগ্নিকাণ্ড কোনও দুর্ঘটনা নয়, এর পিছনে গাফিলতি রয়েছে। আইনশৃঙ্খলা
রক্ষকারী বাহিনী, গুদাম মালিক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমানভাবে দায়ী। সময়মতো
পরিদর্শন, নজরদারি ও অগ্নি-নিরাপত্তা বিধি কার্যকর করা হলে এই ধরনের বিপর্যয়
এড়ানো যেত। ফায়ার অ্যালার্ম, অগ্নিনির্বাপক সরঞ্জাম ও জরংরি বেরোনোর পথ,

নিয়মিত পরীক্ষা ও সার্টিফিকেট দেওয়া জরুরি বলেও জানান রাজ্যপাল। অবিলম্বে কঠোরভাবে আইন প্রয়োগের নির্দেশিকা জারি করা হচ্ছে বলেও জানিয়ে তিনি উল্লেখ করেন, শৃঙ্খলা রক্ষায় কর্তৃপক্ষের ব্যর্থতা কাম্য নয়। ভবিষ্যতে, যাতে এই ধরণের ঘটনা না ঘটে দেই দিকে সতর্ক দৃষ্টি রাখতে বলেন তিনি।

গড়িয়া থেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রতিবাদ মিছিল শুরু হয়েছে। মিছিলের শুরুতে ওয়াহ মোমোর মালিককে গ্রেফতারের দাবি জানালেন শুভেন্দু।

এদিকে, এই অগ্নিকান্ডের প্রতিবাদে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ গড়িয়ার ব্রিজি অঞ্চল থেকে নাজিরাবাদ পর্যন্ত মিছিলে সামিল হন। হাইকোর্টের অনুমতি পাওয়ার পর বিজেপির তরফে শহীদ ক্ষুদ্রিম মেট্রো স্টেশন থেকে শুরু হয়ে নরেন্দ্রপুর থানার ২০০ মিটার আগে এই মিছিল শেষ হয়।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বাবু বলেন, ঘটনার মূল অভিযুক্ত মুখ্যমন্ত্রীর বিদেশ সফরে ছিলেন বলে তাকে এখনো গ্রেপ্তার করা হয়নি। তিনি দোষীদের গ্রেপ্তারের পাশাপাশি যারা এখনো নিখোঁজ রয়েছে তাদের অনুসন্ধান এবং নিঃতদের পরিবারের সদস্যদের সরকারি চাকরি দেবার দাবি জানিয়েছেন। দমকল মন্ত্রী সুজিত বসু এবং সংশ্লিষ্ট থানার আই সি-কে বরখাস্ত করার দাবী জানান তিনি।

(বাইট- শুভেন্দু)

উল্লেখ্য, নাজিরাবাদে অগ্নিকান্ডের ঘটনায় মোমো বিক্রিতা সংস্থার দুই কর্মীকে ইতিমধ্যেই গ্রেফতার করেছে নরেন্দ্রপুর থানা। সংস্থাটির গোডাউন ম্যানেজার রাজা চক্রবর্তী এবং ডেপুটি ম্যানেজার মনোরঞ্জন শিটকে আজ বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে ছাদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। ডেকরেটার সংস্থার মালিক গঙ্গাধর দাসের চৌঠা ফেন্সয়ারী পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। অগ্নিকান্ডে ঠিক কর্তজনের মৃত্যু হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। তবে, ২৫ জনের দেহাংশ উদ্ধার হয়েছে বলে খবর। ঘটনাস্থলে ১৬৩ ধারা জারি রয়েছে। ২৭ জনের নামে নিখোঁজের ডায়রি হয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

২০২৬-২৭ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে, আগামী রবিবার পয়লা ফেব্রুয়ারী। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সকাল ১১টায় এই বাজেট পেশ করবেন। এর প্রেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্রাক-বাজেট আলোচনা ও অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। তা' শোনা যাবে আকাশবাণীর গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এর ফলে সংবাদ বুলেটিনে বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে।

বেলা সাড়ে ১২টার গ্রামীণ এবং ১২টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে, FM রেনবো চ্যানেলে। বেলা দেড়টার জাতীয় সংবাদ ওইদিন প্রচারিত হবে ১টা ৫০ মিনিটে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে। তারপরেই দুপুর ২'টোয় প্রচারিত হবে ১টা ৪০-এর স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮'টা ১০-এর ‘খেলার খবর’, নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে। সন্ধে ৭-৫০ মিনিটের স্থানীয় সংবাদ, ওই দিন হবে ১৫ মিনিটের।

বাজেট নিয়ে আলোচনা প্রচারিত হবে রাত ৮'টা ৩০ থেকে ৯'টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচার তরঙ্গে।

বঙ্গীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ পশ্চিমবঙ্গে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, রাতে তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন।

বিমানবন্দর থেকে নিউটাউনে পৌঁছে একটি বেসরকারি হোটেলে রাত্রিবাস করবেন।

এরপর আগামীকাল সকালে তিনি ব্যারাকপুরের উদ্দেশে রওনা দেবেন। সেখানে আনন্দপুরী খেলার মাঠে কর্মী সম্মেলনে ভাষণ দেবেন।

অনুষ্ঠান শেষে শ্রী শাহ কলকাতা বিমানবন্দরে গিয়ে বাগড়োগরার উদ্দেশ্যে রওনা হবেন। দুপুরে বাগড়োগরা পৌঁছে গোসাইপাড়া এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার মাঠে দলীয় সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে বাগড়োগরা বিমানবন্দর হয়ে দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন।

দেশ জুড়ে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীর ৭৮ তম প্রযাণ বার্ষিকীতে তাঁর স্মৃতি তর্পণ করা হচ্ছে। আজকের দিনটি শহীদ দিবস হিসেবেও পালন করা হচ্ছে।

এই উপলক্ষ্যে মূল অনুষ্ঠানটি হয় নতুন দিল্লির রাজধানে। সেখানে গান্ধী সমাধিতে সর্বধর্ম প্রার্থনার আয়োজন করা হয়। রাষ্ট্রপতি দ্রষ্টব্য মুরম্বু, উপরাষ্ট্রপতি সি পি রাধাক্রিশ্নন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রমুখ সকালে রাজধানে গিয়ে মহাত্মা গান্ধীর স্মৃতিসৌধে পুস্পকরণ করেন।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস সকালে ব্যারাকপুর গান্ধী ঘাটে প্রার্থনা সভায় যোগ দেন। গান্ধী স্মৃতি স্তম্ভে পুস্পার্ঘ্য অর্পণ করেন। মুখ্য সচিব নন্দিনী চক্ৰবৰ্তী, দমকল মন্ত্রী সুজিত বসু অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও, গান্ধীজীর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

প্রেসিডেন্সি সংশোধনাগার ও আলিপুর জেল মিউজিয়ামে আয়োজিত অনুষ্ঠানে গান্ধী স্মারক ও গান্ধীর স্মৃতিসৌধে পুস্পার্ঘ্য নিবেদন করে গান্ধীজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম।

কলকাতার মেয়র রোডে গান্ধী মূর্তিতে পুস্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকার, প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য সহ প্রদেশ কংগ্রেসের অন্য নেতৃবৃন্দ। মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে প্রদেশ কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা গান্ধীজীর প্রিয় ভজন পরিবেশন করেন।

সরকারি অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন এর পক্ষ থেকে
মহাআন্তর্গত প্রয়াণ দিবস উপলক্ষে তার প্রতি শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠান ও
কর্মসূচির আয়োজন করা হয়েছে।

বিশিষ্ট সাংবাদিক সুব্রত বিশ্বাসের জীবনাবসান হয়েছে। দুরারোগ্য ক্যান্সারে ভুগে আজ
দুপুরে কলকাতার এক বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়েস
হয়েছিল ৬০ বছর। প্রায় তিনি দশক তিনি 'সংবাদ প্রতিদিন' সংবাদপত্রে সাংবাদিক
হিসাবে কাজ করেছেন। কলকাতা প্রেস ক্লাব সুব্রত বিশ্বাসের প্রয়াণে গভীর শোক
প্রকাশ করেছে।

গতবারের বিজয়ী বাংলা, গ্রুপ শীর্ষে থেকে জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার
ফাইনালে উঠেছে। অসমে আজ গ্রুপ পর্বে বাংলা ও অসমের মধ্যে খেলাটি ১-১ গোলে
শেষ হয়। আকাশ হেমবন্দের দেওয়া গোলে বাংলা বিরতিতে ১-০ এগিয়ে ছিল।

ঝুতুরাজ মোহন পেনাল্টি থেকে গোল করে খেলায় সমতা ফেরায়।

গ্রুপ এ, তে বাংলা পাঁচ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে শেষ করেছে।
